

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায়  
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)


স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৪.২১. ৭৮৫ (৯)

তারিখ: ০৬/১১/২০২৫

বিষয়: ব্যাখ্যা তলব

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) প্রকল্পের আওতায় সুফলভোগী সদস্যদের দক্ষতা উন্নয়নের জন্য উপজেলা পর্যায়ে ০৩ দিন মেয়াদী আইজিএভিত্তিক এবং হাইস্কুলগামী কিশোরীদের জন্য সচেতনতামূলক প্রশিক্ষণ আয়োজনের সংস্থান রয়েছে। সে মোতাবেক ২০২৫-২৬ অর্থবছরে প্রশিক্ষণ আয়োজনের জন্য ইতোমধ্যেই প্রয়োজনীয় অর্থ ছাড় করা হলেও অদ্যবধি তাঁর উপজেলায় আইজিএভিত্তিক বা কিশোরী সচেতনতামূলক কোন প্রশিক্ষণ আয়োজন করা হয়নি। এডিপিভুক্ত প্রকল্প হিসেবে নির্ধারিত সময়ের মধ্যে ডিপিপি'র লক্ষ্যমাত্রা মোতাবেক সকল কার্যক্রম সম্পন্ন করার বাধ্যবাধকতার বিষয়টি তাঁকে টেলিফোনে অবগত করার পরও এ ব্যাপারে তাঁর কোন উদ্যোগ পরিলক্ষিত হয়নি। বিগত অর্থবছরেও তাঁর উপজেলায় যথাসময়ে প্রশিক্ষণ আয়োজন না করে অর্থবছরের শেষে সকল প্রশিক্ষণ দায়সারা ভাবে আয়োজন করে সরকারি অর্থ অপচয়ের বিষয়টি অভ্যন্তরীণ নিরীক্ষায় প্রমাণিত হয়েছে।

এমতাবস্থায়, যথাসময়ে প্রশিক্ষণ আয়োজন না করে ডিপিপি'র লক্ষ্যমাত্রা অর্জন ব্যাহত করাসহ কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য, দায়িত্ব পালনে অসহযোগিতা ও অদক্ষতার দায়ে দায়ী করে কেন তাঁর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষকে অবহিত করা হবে না তার সন্তোষজনক জবাব আগামী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করার জন্য বলা হলো।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক  
ফোন-০২৪১০১০৩৪৩  
iresppwad@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,  
মনপুরা, ভোলা

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. উপপ্রকল্প পরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা;
২. উপপরিচালক, বিআরডিবি, ভোলা;
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা;
৫. সংশ্লিষ্ট উপজেলার কার্যক্রম তদারকির দায়িত্বপ্রাপ্ত মনিটরিং কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, ঢাকা;
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা;
৭. অফিস নথি।